


বর্ষ-০৪, সেপ্টেম্বর সংখ্যা ২০১৭

আমরা অত্যন্ত দুঃখ ও ভারাক্রান্ত হৃদয়ে জানাচ্ছি যে আমাদের সহকর্মী ইঞ্জিনিয়ার মোঃ মহিউদ্দিন রানা গত ১০ সেপ্টেম্বর ২০১৭ ভোর ৫ চট্রগ্রাম যাওয়ার পথে কুমিল্লার মিয়া বাজার(চৌদ্দগ্রাম)এক সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেছেন। (ইন্নাহলিল্লাহি ওয়া ইন্না ইলাইহির রাজিউন)



ইঞ্জিনিয়ার **“মোঃ মহিউদ্দিন রানা”** ছিলেন আমাদের টিমের সর্বকনিষ্ঠ সদস্য। তাঁর এই অকাল মৃত্যু তাঁর পরিবার, আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব, এবং সহকর্মীদের শোকে স্তব্ধ করে দিয়েছে। এই মৃত্যু মেনে নেয়ার মত নয়। আমরা তাঁর শোকে সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

আমরা মহান আল্লাহতালার কাছে তাঁর আত্মার শান্তি কামনা করছি। এই ক্ষতি অপূরনীয় মহান আল্লাহতালার আমাদের সবাইকে এই শোক সংবরণের তৌফিক দেন। আমিন।

বাংলাদেশে কৃষিখাতের উন্নয়নে যাঁরা নিরলস কাজ করে চলেছেন, আমরা সর্বদাই তাঁদের পাশে আছি। আমরা নিউজ লেটারের মাধ্যমে আমাদের কর্মকান্ড তুলে ধরার চেষ্টা করি এবং বিশ্বাস করি আমাদের এই প্রকাশনা আপনাদের কৃষি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে। এই সংখ্যায় থাকছে FCMএর এক্সট্রুডেড ফিস ফিড প্লান্ট, নেপালের হিমালী পোল্ট্রি, **Ishii** পোল্ট্রি, প্যারাগন পোল্ট্রি, নারিশের অত্যাধুনিক পোল্ট্রি শেড এবং চিক্স এ্যান্ড ফিডের ONLINE সেবা সংক্রান্ত সংবাদ।

শুধুমাত্র যন্ত্রপাতী সরবরাহই নয়, আপনার সাহসী যাত্রার স্বার্থক বাস্তবায়ন করাই আমাদের লক্ষ।আমাদের কাস্টমার কেয়ার এবং ইঞ্জিনিয়ারিং টিম সার্বক্ষণিক আপনাকে সহযোগীতা করতে প্রস্তুত।

ধন্যবাদান্তে
নিউজ লেটার টিম

## আমাদের সেবাসমূহঃ

প্রকল্প পরিকল্পনা
প্রকল্প তৈরী
প্রকল্প বাস্তবায়ন
প্রকল্প ব্যবস্থাপনা
বাজার গবেষণা

## আমাদের প্রকল্পসমূহঃ

ফিডমিল
সাইলো
পোল্ট্রি হাইজ ও ইকুইপমেন্ট
পোল্ট্রি প্রসেসিং
মিট প্রসেসিং
ও অন্যান্য কৃষি প্রকল্প

E-mail: info@cknfeeds.com
Website: www.cknfeeds.com
অফিসঃ বাসা-০৮, সড়ক-১৪, ধানমন্ডি,
Phone: +880 2 9121205-06; 9121456

কাস্টমার কেয়ার :
017 CKNFEEDS 25633337

# FCM এর এক্সট্রুডেড ফিস ফিড প্লান্ট



আমাদের দেশে এক্সট্রুডেড ফিস ফিড এর প্রচলন প্রতিনিয়তই বেড়ে চলেছে। প্রচলিত ধারণায় এক্সট্রুডেড ফিস ফিড বলতে মূলতঃ ভাসমান (ফ্লোটিং) ফিস ফিডকে বোঝানো হয়ে থাকে এবং এই মেশিনকে বলা হয় ফ্লোটিং ফিড মেশিন। আসলে ব্যাপারটি তা নয়। এক্সট্রুশন টেকনোলজিতে ভাসমান অথবা ডুবন্ত উভয় প্রকার খাদ্য উৎপাদন সম্ভব। বাংলাদেশে এ যাবতকাল স্থাপিত ফিড মিলে এক্সট্রুশন টেকনোলজি ব্যবহার করে শুধুমাত্র মাছের ভাসমান খাদ্য প্রস্তুত করা হচ্ছে, মাছের ডুবন্ত খাদ্য তৈরি হচ্ছে না।

প্রসঙ্গত উল্লেখ্য যে, চিংড়ি খাদ্য উৎপাদন একটি লাভজনক ব্যবসা। চিংড়ি খাদ্য ডুবন্ত জাতের। FCM এর এক্সট্রুডার একইসাথে ডুবন্ত, ভাসমান অথবা ধীরে ডোবা (স্লো সিংকিং) খাদ্য উৎপাদন করতে পারে।
বাংলাদেশের বাজারে খুব তাড়াতাড়িই আসছে FCM এর এক্সট্রুশন টেকনোলজি যা ভাসমান ও ডুবন্ত উভয় প্রকার খাদ্য উৎপাদনে সক্ষম। আরআরপি ফিড মিল, নাহার এগ্রো গ্রুপ, এগ্রো মাল্টিপারপাস ফিড ও সুগন্ধা ফিড মিল সহ প্রায় ৭টি কোম্পানি অচিরেই বাজারে নিয়ে আসছে FCM মেশিনে তৈরি উন্নতমানের এক্সট্রুডেড ফিস ফিড।



RRP ইউনিট-৩ (ভাসমান খাদ্য)

FCMএর এই সাতটি এক্সট্রুডেড ফিডমিল সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার ব্যবহার করা হয়েছে যা ০.৮ মিলিমিটার থেকে শুরু করে যে কোন বড় মাপের মাছের খাদ্য তৈরি করতে সক্ষম। এখানে উল্লেখযোগ্য যে FCMএর টুইন স্ক্রু এক্সট্রুডার ব্যবহার করে আরো একটি ফিডমিল প্রতিষ্ঠিত হচ্ছে যা ০.৫ মিলিমিটার থেকে ১.০ মিলিমিটার পর্যন্ত ভাসমান খাদ্য তৈরি করতে পারবে।

এখানে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে খাদ্য তৈরি প্রক্রিয়া এবং জিলেটাইজেশন। যা খাদ্যের গুণাগুণ এবং খাদ্য রূপান্তরের হার (FCR) এর উপর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। FCM ফিড মিলের স্টেট অফ আর্ট ইঞ্জিনিয়ারিং উৎপাদনের প্রতিটি পর্যায়ে কাঁচামালের সঠিক পরিমাপ এবং পরিমিত রন্ধন (কুকিং) নিশ্চিত করে। যা খাদ্যের পরিপূর্ণ পুষ্টি মান নিশ্চিত করে।

FCM এর এক্সট্রুডেড ফিস ফিড ন্যূনতম ২-৩ মেট্রিক টন থেকে শুরু করে একই মেশিনে সর্বোচ্চ ১০-১২ মেট্রিক টন পর্যন্ত উৎপাদন করা সম্ভব।



সুগন্ধা ফিডমিল চিংড়ি ও মাছের খাদ্য ইউনিট



নাহার এগ্রো ভাসমান খাদ্য ইউনিট

# নেপালের হিমালী পোল্ট্রিতে ASTINO







নেপালের হিমালী পোল্ট্রিতে ASTINO এর অত্যাধুনিক প্রিফেব্রিকেটেড পরিবেশবান্ধব শেডের ইনস্টলেশন কাজ চলছে পুরোদমে। চিকস এন্ড ফিডস এর ইঞ্জিনিয়ার মোঃ বাহারুল ইসলাম বাহার নেপালে এই ব্রিডার ফার্মের সুপারভিশনের দায়িত্বে রয়েছেন।

কনস্ট্রাকশন ও ইন্সটলেশনের কাজ শেষ করে সেপ্টেম্বর মাসের মধ্যেই এই ঘরগুলো হস্তান্তর করা হবে।

বৈশ্বিক উষ্ণায়নের কারণে প্রতিনিয়তই আমাদের দেশের আবহাওয়া উত্তপ্ত হচ্ছে। গত এক দশকে স্থানভেদে তাপমাত্রা ৭-৮ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। পোল্ট্রি ফার্মে তাপমাত্রা নিয়ন্ত্রণ একটি গুরুত্বপূর্ণ বিষয়, যা সুচারু খামার ব্যবস্থাপনায় একটি বড় অন্তরায় বটে।

সাধারণত দেশে নির্মিত বা বাইরে থেকে আমদানিকৃত পোল্ট্রি শেডগুলোতে গতানুগতিকভাবে CI শীট (টিন) ব্যবহার করা হয়। গতানুগতিক প্রযুক্তির এই শেডগুলিতে গ্রীষ্মকালীন তাপমাত্রা যথাযথভাবে নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য।

অন্যদিকে, PU Panel সমৃদ্ধ ASTINO এর শেডগুলো কোনরকম ভেন্টিলেশন ছাড়াই ৭-৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা নিবারণ করে যা খামার ব্যবস্থাপনায় বড় ভূমিকা রাখে।

ASTINO এর কাস্টমার সার্ভিস ইঞ্জিনিয়ার জনাব আনোয়ার পারভেজ জানান, আগামী কয়েক বছরের মধ্যেই নেপালের পোল্ট্রি শিল্পের বিশাল যোগান দেয়ার জন্য অ্যাসটিনো অঙ্গীকারাবদ্ধ। যার অংশ হিসেবে অ্যাসটিনো এবং চিকস এন্ড ফিডস যৌথভাবে কাজ করে চলছে । ভবিষ্যতে হিমালী পোল্ট্রি দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণে আরো ভূমিকা রাখবে।

# ONLINE CONNECTIVITY with Feedmill

## “চিক্স এ্যান্ড ফিড্সের নতুন সেবা”

সমসাময়িক কালে বাংলাদেশে অত্যাধুনিক মানের ফিডমিল স্থাপন করা হচ্ছে। অত্যাধুনিক এই ফিডমিলগুলোতে ONLINE Connectivity রয়েছে এবং আমাদের কাস্টমার সার্ভিস টিম অফিসে বসেই সরাসরি ফিডমিলগুলোর সাথে যুক্ত হয়ে ফিডমিলটির PCL-এর সাথে সংযুক্ত সবরকম সমস্যা সমাধান করা যাবে যেমন, batching system, update, new data input, report preparation, ইত্যাদি।



ইঞ্জিনিয়ার শাহিনুর আলম, যিনি কাস্টমার সার্ভিস বিভাগের প্রধান জানান আমাদের দেশের Unstable বিদ্যুৎ, সঠিক Maintenance, অতিরিক্ত ধূলা-ময়লা, ইত্যাদির কারনে ফিডমিলের বিভিন্ন রকম সমস্যা দেখা দেয়। আমাদের এই Online Maintenance অনেক সময় বাঁচিয়ে দেবে এবং ফিড মিলের Efficiency আরও বাড়বে।



আমাদের সম্প্রতিক ফিডমিলগুলোর মধ্যে Nourish, RRP, Nahar Agro, Shah Amla ইত্যাদি ফিড মিলগুলো এই Online Maintenanceএর অন্তর্গত। ভবিষ্যতে আমাদের পুরোনো ফিডমিলগুলো এই Online Maintenance-এর আওতায় নিয়ে আসা হবে।
পরিকল্পনা থেকে বাস্তবায়ন, এমনকি Operation Management-এও আমরা কাজ করি। ONLINE Connectivity তেমনি একটা মাইল ফলক।



# শেষ পর্যায়ে প্যারাগন পোল্ট্রির কাজ

দেশের পোল্ট্রি শিল্পে হ্যাচারি, ব্রিডার ফার্ম, ফিড মিল, পোল্ট্রি কেয়ার ল্যাব, প্রসেসিং ও ফারদার প্রসেসিং প্লান্টসহ বিভিন্নভাবে অবদান রেখে চলেছে প্যারাগন গ্রুপ। তারই ধারাবাহিকতায় গাজীপুরের শ্রীপুরে বাণিজ্যিক ব্রয়লার খামার করছে তারা। এজন্য স্থাপিত হচ্ছে তিনটি ASTINO এর অত্যাধুনিক প্রিফেব্রিকেটেড পরিবেশবান্ধব শেড।



তিনটি শেডের সকল যন্ত্রপাতি সরবরাহ করছে চিকস এন্ড ফিডস লিমিটেড। মালয়েশিয়ার বিশ্বখ্যাত যন্ত্রপাতি উৎপাদন ও রপ্তানিকারী প্রতিষ্ঠান ASTINO এর উৎপাদিত যন্ত্রপাতি দিয়ে স্থাপিত হচ্ছে এসব পরিবেশবান্ধব ব্রয়লার শেড।

বর্তমানে এসব শেড নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। বিল্ডিং কনস্ট্রাকশনের পর যন্ত্রপাতি ইন্সটলেশনের কাজ চলছে। ইন্সটলেশন শেষে হস্তান্তর করা হবে এ প্রকল্প।

সঠিক সময়ে সঠিক তাপমাত্রা নিয়ন্ত্রিত না হলে পোল্ট্রি খামার ব্যবস্থাপনা করা কঠিন হয়ে পড়ে। বিশেষ করে ব্রয়লারের ক্ষেত্রে এ কথা আরো বিশেষভাবে প্রযোজ্য। অন্যদিকে, এসব অত্যাধুনিক ব্রয়লার শেডের বিশেষত্ব হচ্ছে, এখানে সাধারণ ভেন্টিলেশনের পরিবর্তে ASTINO এর এয়ার ইনলেট সিস্টেম ব্যবহৃত হচ্ছে। যা এসব শেডের তাপমাত্রা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এছাড়া এসব ব্রয়লার শেডের আরেকটি বিশেষত্ব হচ্ছে, এগুলোতে সর্বাধুনিক প্রযুক্তির টানেল কার্টেইন সিস্টেম ব্যবহার করা হচ্ছে। যা ভেন্টিলেশনের জন্য অতুলনীয়।

# জাপানের **Ishii** ইনকিউবেটর এখন বাংলাদেশে

জাপানের Ishii Poultry (IP) ১৯৬৮ সাল থেকে তৈরি করে আসছে অত্যাধুনিক পোল্ট্রি ইনকিউবেটর। Ishii পোল্ট্রি Pearl-22 সিরিজের ইনকিউবেটর এবং হ্যাচার জাপানের ৯০ ভাগ বাজার দখল করে আছে। জাপানের বাইরে চীন, তাইওয়ান, ইন্দনেশিয়া, মালেশিয়া এবং থাইল্যান্ডে Ishii পোল্ট্রির অবস্থান অত্যান্ত মজবুত। বাংলাদেশে অচীরেই Pearl-22 সিরিজের মাল্টিস্টেজ এবং সিঙ্গেল স্টেজ মেশিন বাণিজ্যিকভাবে উৎপাদনে যাবে। জাপানী এই ইনকিউবেটরের সবচাইতে উল্লেখযোগ্য বিষয় হলো এটি বিদ্যুৎসাশ্রয়ী। পৃথিবীর যেকোন দেশের মেশিনের তুলনায় Pearl-২২ সিরিজের বিদ্যুৎ ব্যায় অনেক কম।

Ishii Poultry শুধু সেটার বা হ্যাচার মেশিন নয় বরং হ্যাচারি অটোমেশনের সমস্ত যন্ত্রপাতি তৈরি করে থাকে।





15120



30240

# নারিশের অত্যাধুনিক পোল্ট্রি শেডের কাজ চলছে

প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে দিন দিন বাড়ছে পোল্ট্রির ডিম ও মাংসের চাহিদা। এ চাহিদা মেটাতে দেশে বাড়ছে পোল্ট্রি খামার। আর তার সাথে বাড়ছে পোল্ট্রির খাদ্য ও এক দিনের মুরগির বাচ্চার চাহিদা। বাজারের ক্রমবর্ধমান এক দিনের মুরগির বাচ্চার চাহিদা মেটাতে পোল্ট্রি খাতের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান নারিশ পোল্ট্রি স্থাপন করছে ব্রিডার খামার।

নারিশ পোল্ট্রি সাগরদীঘি-২ নামের এ খামারে তিনটি দ্বিতল ভবনে মোট ছয়টি পোল্ট্রি ব্রিডার শেড স্থাপিত হচ্ছে। খামারের ছয়টি শেডের জন্য মালয়েশিয়ার বিখ্যাত ASTINO এর উৎপাদিত যন্ত্রপাতি সরবরাহ করছে চিকস এন্ড ফিডস লিমিটেড।

বর্তমানে ভবন নির্মাণের কাজ শেষে যন্ত্রপাতি ইন্সটলেশনের কাজ চলছে। আগামী জুলাই মাসের মধ্যে এ প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা প্রকাশ করেছেন চিকস এন্ড ফিডস লিমিটেডের কর্মকর্তারা।




পরিবেশ বিপর্যয়ের ফলে ঝড়, বৃষ্টিসহ নানা কারণে খামারিরা পড়ছেন বিপাকে। খামারের সার্বিক নিরাপত্তা ও খামারে নির্দিষ্ট তাপমাত্রা ধরে রাখাই বড় চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে। তাছাড়া আমাদের দেশে আগের মত ষড়ঋতু না থাকায় এসব সমস্যা প্রকট হয়ে দেখা দিচ্ছে। তাই এই খামারে বাংলাদেশে প্রথমবারের মত কন্ট্রোলার অংশে অত্যাধুনিক CTI 80 কন্ট্রোলার ব্যবহার করা হচ্ছে। যার হিউমিডিটি সেন্সর স্বয়ংক্রিয়ভাবে আর্দ্রতা নিয়ন্ত্রণ করে খামারের অভ্যন্তরীণ পরিবেশ ভাল রাখে। শেডের আর্দ্রতা বেড়ে গেলে স্বয়ংক্রিয়ভাবে কুলিং পাম্প বন্ধ হয়ে যাবে। ফলে আর্দ্রতা ও তাপমাত্রা নিয়ন্ত্রণে থাকবে।







সাধারণত দেশে নির্মিত বা বাইরে থেকে আমদানিকৃত পোল্ট্রি শেডগুলোতে গতানুগতিকভাবে CI শীট (টিন) ব্যবহার করা হয়। গতানুগতিক প্রযুক্তির এই শেডগুলিতে গ্রীষ্মকালীন তাপমাত্রা নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য। অন্যদিকে, PU Panel সমৃদ্ধ ASTINO এর শেডগুলো কোনরকম ভেন্টিলেশন ছাড়াই ৭-৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা নিবারণ করে যা খামার ব্যবস্থাপনায় বড় ভূমিকা রাখে।



এছাড়া পানি সরবরাহের ক্ষেত্রে Impex ব্রান্ডের ওয়াটার রেগুলেটর ও নিপল ড্রিংকার ব্যবহার করা হচ্ছে। যা পানির অপচয় রোধ করার পাশাপাশি ফ্লোর ভেজার হাত থেকে রক্ষা করে খামারের স্বাস্থ্যবিধি ঠিক রাখবে।



উল্লেখ্য, ASTINO একটি যন্ত্রপাতি উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং তারা নিজেরাই শেডের ৯৮ শতাংশ সরঞ্জামাদি উৎপাদন করে থাকে। পরিবেশ ও প্রযুক্তিবান্ধব পোলট্রি শেড নির্মাণ এবং এর উন্নত কারিগরী সেবা নিশ্চিৎ করতে সবসময় এগিয়ে রয়েছে তারা।






বর্ষ-০৪, সেপ্টেম্বর সংখ্যা ২০১৭

## Our Global Partners:

**FCM, China**
Turn-key Feed Mill Project

**AGI, Canada**
Grain Handling and Storage Silo

**ASTINO, Malaysia**
Environment Controlled House & Equipment

**SASSO, France**
The World's Largest Choice of Coloured Breeders

**Meyn, Netherland**
Poultry Processing Solution

**V-Cons Group, Belgium**
Cattle & Sheep Slaughterlines and Cutting Plants

**Ishii Poultry, Japan**
Single-stage, Multi-stage Incubators & Hatchery Automation

## Our valued Customers :

- Abir Poultry & Hatchery Ltd.
- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- CSD, Bangladesh Army
- EON Group
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Kazi Farms Group
- Kulsum Feed
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Prime Agro Industries Ltd.
- Provita Feed Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- Shah Amla Feed Mill
- Sughandha Feedmill Ltd.

*and more ...*

সাশ্রয়ী
ইলেক্ট্রিকাল
কন্ট্রোল প্যানেল



Central Control Panel, LT Panel, PLC Control Panel এবং
All Electrical Solution

যোগাযোগ-
ইঞ্জিনিয়ারিং টিম
Chicks & Feeds Limited

অফিসঃ বাসা-৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোনঃ + ৮৮০ ২ ৯১২ ১২০৫-০৬, ৯১২ ১৪৫৬, ০১৭১১ ২৬২৩৯৪
Customer Care: 017 CKNFEEDS 25633337